দৈনিক ইনকিলাব

তারিখ ... JUL 15 1999
পৃষ্ঠা ৭ কলাম ৮

37

## মাধ্যমিক পর্যায়ের সংশোধিত ও পরিমার্জিত পাঠ্যবইয়ে (গণিত) আরও সংশোধন প্রয়োজন

নবম-দশম শ্রেণীর সাধারণ গণিত ও উচ্চতর গণিত বইয়ের উত্তরমালায় কিছু কিছু ভুল বা অর্সম্পূর্ণ উত্তর পরিলক্ষিত হয়। এক সমীক্ষায় দেখা গেছে যে, ঐ সকল ভুল বা অসম্পূর্ণ উত্তরকে শুদ্ধ মনে করে কিছু কিছু তথাকথিত অভিজ্ঞ শিক্ষক কোমলমতি শিক্ষার্থীদের ভুল শিক্ষা দিচ্ছেন। এর কারণ— ঐ সকল শিক্ষক নিজেদেরকে ১৫/২০ বছরের অভিজ্ঞ শিক্ষক দাবী করলেও প্রকৃতপক্ষে তারা নতুন সংস্করণের বইয়ে অনভিজ্ঞ। ফলে তারা বাজারের নিম্নমানের গাইড বই অনুসরণ করে অংকের গভীরে না পৌঁছে ভুল যুক্তি দিয়ে পাঠ্য বইয়ের ভুল বা অসম্পূর্ণ উত্তরের সাথে মিল রেখে শিক্ষার্থীদের ভুল শিক্ষা দিচ্ছেন নিম্নে এর কিছু কিছু দেয়া হল।

সাধারণ গণিত (বীজ গণিত) ঃ প্রশ্নে ভুল (অনুঃ ৬.৮ নং ২, ৩, ৪) অসম্পূর্ণ উত্তর (অনুঃ ৫.১ নং ১২ (III), ২৯ (III), অনুঃ ৬.৬ নং ১৪)

উচ্চতর গণিত (বীজ গণিত) ঃ ভুল উত্তর (অনুঃ ৬.৪ নং ১০)
উচ্চতর গণিত (ত্রিকোণমিতি) ঃ ভুল উত্তর (অনুঃ ৮.৩ নং ৬ (I)
অসম্পূর্ণ উত্তর (অনুঃ ৮.৩ নং ৯ (x)

এছাড়া উচ্চতর গণিতে বীজ গণিত অংশের ৫.১ অনুশীলনীর কোন উত্তরমালা না থাকায় তথাকথিত অভিজ্ঞ শিক্ষকগণ শিক্ষার্থীদের ভুল শিক্ষা দিচ্ছেন। পাঠ্যপুস্তকের সংশোধনীপূর্বক বিষয়টির প্রতি সংশ্লিষ্ট কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করছি।

—দেবব্রত সেন, ৫৮৮, দনিয়া বাজার, ঢাকা-১২৩৬।